# বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।

**বিষয়ঃ বিপিসি কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (২০২৩-২০২৪) এর লক্ষ্যমাত্রা অনুযায়ী নৈতিকতা কমিটি'র ২য় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতিঃ | জনাব এ বি এম আজাদ এনডিসি, চেয়ারম্যান, বিপিসি। |
| তারিখঃ | ২৩/১১/২০২৩ |
| সময়ঃ | বেলা ১০.৪৫ ঘটিকা |
| সভার স্থানঃ | বিপিসি'র প্রধান কার্যালয়ের বোর্ড রুম |
| উপস্থিতির তালিকা | সংযুক্ত |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে নৈতিকতা কমিটির সদস্য-সচিব বিপিসি কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল ২০২৩-২০২৪ অর্থ বছরের লক্ষ্যমাত্রা সভায় উপস্থাপন করেন। কমিটির সদস্যবৃন্দ ২০২৩-২০২৪ অর্থ বছরে শুদ্ধাচার কর্মপরিকল্পনায় নির্ধারিত কর্মসম্পাদন সূচকসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা করেন এবং এর নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহ মন্ত্রিপরিষদ বিভাগের গাইডলাইন অনুযায়ী যথাযথ রয়েছে মর্মে একমত পোষণ করেন। কর্মপরিবেশ উন্নয়ন এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমের অংশ হিসেবে যে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে তা অর্জনের জন্য নৈতিকতা কমিটির সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্র.নং | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/শাখা |
|---|---|---|---|
| ২.০১ | **দাপ্তরিক কক্ষ ও অফিস চত্বর নিয়মিত পরিষ্কারকরণ এবং জীবাণুমুক্তকরণঃ** বিপিসি'র প্রধান কার্যালয়ের অফিস কক্ষসমূহ এবং আনুসাঙ্গিক কক্ষাদি নিয়মিত পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সাপ্তাহিকভাবে ছুটির দিনে অফিসকক্ষ এবং অফিসপ্রাঙ্গান পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণের উদ্যোগ গ্রহণ করতে হবে। কার্যক্রমের স্থিরচিত্র ধারণ করতে হবে। | ব্যবস্থাপক (সা.ক.শা), বিপিসি |
| ২.০২ | **৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোশাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করাঃ** বিপিসি'র প্রধান কার্যালয়ের ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোশাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিপিসি'র প্রধান কার্যালয়ের ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোশাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করতে হবে। | ব্যবস্থাপক (সা.ক.শা), বিপিসি |
| ২.০৩ | **সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণঃ** সংস্থায় ব্যবহৃত গাড়ীর জ্বালানি ব্যবহারে সাশ্রয়ী ও সচেতন থাকার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। সাধারণ কর্ম শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক নিয়মিত লগ বই পরীক্ষণপূর্বক স্বাক্ষর প্রদানের বিষয়ে আলোচনা হয়। | সাধারণ কর্ম শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক নিয়মিত লগ বই পরীক্ষণপূর্বক স্বাক্ষর প্রদান এবং এ সংক্রান্ত প্রমাণক দাখিল করতে হবে। | ব্যবস্থাপক (সা.ক.শা), বিপিসি |
| ২.০৪ | **ডিপোসমূহের ট্যাংক ক্যালিব্রেশন হালনাগাদঃ** ২০২৩-২০২৪ অর্থ বছরে শুদ্ধাচার কর্মপরিকল্পনায় দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমের অংশ হিসেবে পৃথক দুটি ডিপোর সকল ট্যাংক ক্যালিব্রেশন করার বিষয়ে সভায় আলোচনা হয়। বিপণন কোম্পানিসমূহের যে সকল ট্যাংক এর ক্যালিব্রেশন অবশিষ্ট রয়েছে সেগুলো ক্যালিব্রেশন করার বিষয়ে আলোচনা হয়। | ২০২৩-২০২৪ অর্থ বছরে বিপণন কোম্পানিসমূহের দুটি ডিপোর সকল ট্যাংক এর ক্যালিব্রেশন করতে হবে এবং ক্যালিব্রেশন রিপোর্ট বিপিসিতে প্রেরণ করতে হবে। ত্রৈমাসিক ভিত্তিতে সংশ্লিষ্ট কোম্পানি অগ্রগতি প্রতিবেদন দাখিল করবে। | মহাব্যবস্থাপক (বাঃ ও অপাঃ), বিপিসি এবং বিপিসি'র অধীনস্থ সকল কোম্পানি |

| | | | |
|---|---|---|---|
| ২.৫ | **ভেজাল বিরোধী অভিযানঃ** ২০২৩-২০২৪ অর্থ বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী সংস্থার অধীনস্থ কোম্পানিসমূহ ও সংশ্লিষ্ট প্রশাসনের সাথে সমন্বয় করে ফিলিং স্টেশনগুলোতে ভেজাল বিরোধী অভিযান অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। | ২০২৩-২০২৪ অর্থ বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী বিপিসি কর্তৃক প্রণীত কমিটিসমূহ সংশ্লিষ্ট কোম্পানি ও স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে ফিলিং স্টেশনগুলোতে ভেজাল বিরোধী অভিযান অব্যাহত রাখবে। পরিদর্শন সংক্রান্ত প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে চেয়ারম্যান মহোদয়ের নিকট প্রমাণক হিসেবে দাখিল করবে। | মহাব্যবস্থাপক (বন্টন ও বিপণন), বিপিসি এবং বিপিসি'র অধীনস্থ বিপণন কোম্পানি |
| ২.৬ | **বিপিসি'র উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক তেল খালাস কার্যক্রম পরীবিক্ষণঃ** বিপিসি'র উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক যেকোন দুটি তেল খালাস কার্যক্রম পরীবিক্ষণের বিষয়ে সভায় আলোচনা হয়। | বিপিসি'র উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক যেকোন দুটি তেল খালাস কার্যক্রম পরীবিক্ষণ করতে হবে। | মহাব্যবস্থাপক (বাঃ ও অপাঃ), বিপিসি |
| ২.৭ | **প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করাঃ** সভাপতি ২০২২-২০২৩ অর্থ বছরের শুদ্ধাচার পরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী এসপিএম প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করার নির্দেশনা প্রদান করেন। | এসপিএম প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করবে। | মহাব্যবস্থাপক (পরিঃ ও উন্নঃ), বিপিসি |
| ২.৮ | **বিবিধঃ** নৈতিকতা কমিটি বিপিসি ও সকল কোম্পানিসমূহের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদের জন্য নির্দেশনা প্রদান করেন। | বিপিসি ও সকল কোম্পানিসমূহের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে। | বিপিসি'র অধীনস্থ বিপণন কোম্পানি, উপ-মহাব্যবস্থাপক (এমআইএস), বিপিসি |

৩। পরিশেষে, সভাপতি কর্পোরেশনের কর্মপরিবেশ উন্নতি এবং দুর্নীতি মুক্ত রাখার লক্ষ্যে যে কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে তা বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকার জন্য নির্দেশনা প্রদান করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এ বি এম আজাদ এনডিসি)
চেয়ারম্যান (সচিব)

নং: ২৮.০৩.০০০০.০৮২.০৪.০০২.২৩.৮৩ তারিখঃ০৪/১২/২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (অপাঃ ও পরিঃ/ অর্থ/ বিপণন), বিপিসি।
২। উর্ধ্বতন মহাব্যবস্থাপক/মহাব্যবস্থাপক(নিরীক্ষা/বাঃ ও অপাঃ/হিসাব/বঃ ও বিপঃ/অর্থ/পরিঃ ও উন্নঃ), বিপিসি।
৩। ব্যবস্থাপনা পরিচালক (জেওসিএল/ পিওসিএল/ইআরএল/এলপিজিএল/এমপিএল/ইএলবিএল), চট্টগ্রাম।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও), এসএওসিএল, চট্টগ্রাম।
৫। উপ-মহাব্যবস্থাপক (এমআইএস), বিপিসি (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৬। ব্যবস্থাপক (সা.ক.শা), বিপিসি।
৭। সংশ্লিষ্ট নথি/মাস্টার ফাইল।

০৪.১২.২০২৩
(মুহম্মদ আশরাফ হোসেন)
সচিব

# বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।

বিপিসি'র চেয়ারম্যান জনাব এ বি এম আজাদ এনডিসি এর সভাপতিত্বে ২৩/১১/২০২৩ তারিখ সকাল ১০.৪৫ ঘটিকায় অনুষ্ঠিত বিপিসি'র নৈতিকতা কমিটির ২য় সভার উপস্থিতি।

**বিপিসিঃ**

| ক্রমিক | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | জনাব খালিদ আহম্মেদ | পরিচালক (অপাঃ ও পরিঃ) | |
| ২। | জনাব কাজী মুহাম্মদ মোজাম্মেল হক | পরিচালক (অর্থ) | |
| ৩। | জনাব অনুপম বড়ুয়া | পরিচালক (বিপণন) | |
| ৪। | জনাব মুহম্মদ আশরাফ হোসেন | সচিব | |
| ৫। | জনাব মোঃ ইউসুফ হোসেন ভূঁইয়া | উর্ধ্বতন মহাব্যবস্থাপক (নিরীক্ষা) | |
| ৬। | জনাব মুস্তফা কুদরুত-ই-ইলাহী | মহাব্যবস্থাপক (বাঃ ও অপাঃ) | |
| ৭। | জনাব এ টি এম সেলিম | মহাব্যবস্থাপক (হিসাব) | |
| ৮। | জনাব মোঃ আবুল কালাম আজাদ | মহাব্যবস্থাপক (বঃ ও বিপঃ) | |
| ৯। | জনাব মনি লাল দাশ | মহাব্যবস্থাপক (অর্থ) | |
| ১০। | জনাব ইঞ্জিঃ মোঃ শফিকুল ইসলাম | মহাব্যবস্থাপক (পরিঃ ও উঃ) | |
| ১১। | জনাব এস এম জুবায়ের হাসান | ব্যবস্থাপক (প্রশাসন) | |
| ১২। | মোঃ নিয়াজ মোর্শেদ | DM (MJS) | |
| ১৩। | | | |
| ১৪। | | | |
| ১৫। | | | |
| ১৬। | | | |

**অধীনস্থ কোম্পানিসমূহঃ**

| ক্রমিক | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | জনাব মোঃ গিয়াসউদ্দিন আনচারী | ব্যবস্থাপনা পরিচালক, জেওসিএল | |
| ২। | জনাব মোঃ মাসুদুর রহমান | ব্যবস্থাপনা পরিচালক, পিওসিএল | |

| ক্রমিক | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ৩। | জনাব মোঃ লোকমান | ব্যবস্থাপনা পরিচালক, ইআরএল | 23/11/2023 |
| ৪। | জনাব মোঃ আবু সালেহ ইকবাল | ব্যবস্থাপনা পরিচালক, ইএলবিএল | ২৩/১১/২০২৩ |
| ৫। | জনাব মোঃ টিপু সুলতান | ব্যবস্থাপনা পরিচালক, এমপিএল | ২৩/১১/২৩ |
| ৬। | জনাব মোঃ আবদুস সোবহান | ব্যবস্থাপনা পরিচালক, এলপিজিএল | ২৩/১১/২৩ |
| ৭। | মুহাম্মদ [illegible] চৌধুরী | ডিজিএম ([illegible]) [illegible] | 23/11/23 |
| ৮। | [illegible] | ডিজিএম ([illegible]) | 23/11/23 |
| ৯। | মো: মোমিনুল ইসলাম | জুনিয়র অফিসার ([illegible]) [illegible] | 23.11.23 |
| ১০। | মো: [illegible] | উপ-ব্যবস্থাপক ([illegible]) JAOCL | 23.11.23 |
| ১১। | মো: মোকাররম হোসেন | উপ-ব্যবস্থাপক ([illegible]) SAOCL | ২৩.১১.২৩ |
| ১২। | | | |
| ১৩। | | | |
| ১৪। | | | |
| ১৫। | | | |
| ১৬। | | | |
| ১৭। | | | |
| ১৮। | | | |
| | | | |
| | | | |
| | | | |